হার্জ
দুঃসাহসী টিনটিন
কৃষ্ণদ্বীপের রহস্য
আনন্দ

হার্জ

দুঃসাহসী টিনটিন

কৃষ্ণদ্বীপের রহস্য

আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড

কলকাতা ৯

কৃষ্ণদ্বীপের রহস্য

পরদিন সকালে...
কী খবর ডক্টর ?
ওর কপাল ভাল । গুলি পাঁজর ঘেঁষে চলে গেছে দু' দিনেই সুস্থ হয়ে যাবে ।

মাফ করবেন, নার্স

টিনটিনের সঙ্গে দেখা করতে পারি ?
ভেতরে যেতে পারেন ।

শোনো, তুমি কি সম্পূর্ণ নিশ্চিত যে, প্লেনটায় কোনও রেজিস্ট্রেশনের ছাপ ছিল না ?
সম্পূর্ণ নিশ্চিত ।

আমার মতে সবটাই সন্দেহজনক ।
যথার্থ কথাটা হল : গোটা ব্যাপারটা আমার মতে সন্দেহজনক ।

টেলিফোন, মিঃ জনসন অথবা মিঃ রনসনকে চাইছে ।

হেল্লো ?...হ্যাঁ...ইন্টার পোল ?...হ্যাঁ সার, জনসন...স্কটল্যান্ড ইয়ার্ড ?...ইস্টডাউন ? কাল রাতে ?...হ্যাঁ সার, বুঝেছি । এক্ষুনি যাচ্ছি ।

আমরা ইংল্যান্ডে ফিরে যাচ্ছি । কাল রাতে সাসেক্সের ইস্টডাউনে একটা প্লেন ভেঙে পড়েছে । তার রেজিস্ট্রেশন ছিল না । বিদায় ।

বিদায়, আর খুব হুঁশিয়ার !

ধন্যবাদ !

ধপাস
?

দেখেশুনে পথ চলতে পারো না ?
প্রশ্নটা নিজেকে করাই যথার্থ ।

ইস্টডাউন... শুধু যদি... নিরুপায়, ডাক্তার যা-ই বলুক, আমাকে যেতেই হবে !

বিদায় নার্স ! অজস্র ধন্যবাদ !

অ্যাঁ ! হাঁদার দল ! কাল রাত্তিরে ওরা কাকে গুলি করেছিল, জানো ? স্বয়ং টিনটিনকে!
গুলি করেও ওকে শেষ করতে পারল না এটাই আপসোস !

দ্যাখো !
KÖLN
BRUXELLES
LONDON

?
ট্রেন থেমে গেল কেন ?
KÖLN
চল, করিডোরে দেখা যাক ।
?
একটা দরজা খোলা, এবং কেউ বেরিয়ে যাচ্ছে ! কুট্টুস, চল তো দেখি !
ওই যে ও যাচ্ছে !
তুমি কী করছ মনে করো ?
ইক !
আমাকে ছেড়ে দিন ! একটা লোক এক্ষুনি ট্রেন থেকে লাফ দিল । ওর পিছু নিতেই হবে
আমাকে ধোঁকা দিতে পারবে না !
কেউ জায়গা থেকে নড়বেন না !
?
!
কেউ ট্রেন থেকে নামবেন না !
ওর হুঁশ ফিরেছে !
টিনটিন ! তুমি বিছানায় নেই ?
ওই তো সে ! ঠিক চিনেছি ! ও-ই আমাকে ফেলেছে !
আমি ??

আহ্‌হা ! একটা মুগুর ! লোকের মাথায় মারার উপযুক্ত হাতিয়ার ।
!

ডাকাতিও ! তোমার অন্য পকেটে সেই বেচারার মানিব্যাগ !
!?

বলছি, আমি নির্দোষ ! এটা চক্রান্ত । আমি যখন ঘুমিয়ে ছিলুম তখন কেউ এগুলি আমার পকেটে রেখে গেছে... এর আগে এগুলি কখনও চোখেই দেখিনি !

আমরা আর কী করতে পারি, টিনটিন ! সব প্রমাণই তোমার বিরুদ্ধে ।
স্বীকার করছি ।

সব প্রমাণ আমার বিরুদ্ধে, এ-কথা সত্যি । আর গার্ডও শপথ নিয়ে বলতে পারে আমি পালাবার চেষ্টা করেছিলুম । নিখুঁতভাবে সাজানো । কিন্তু কেন ? এবং কে করল ?
?

হাতকড়ার চাবি ! শাবাশ, কুট্টুস । ওটা এখানে নিয়ে আয় ।

ফুরর্
ফুরর্

এই রে, আমরা থেমে গিয়েছি... সর্বনাশ... টিনটিন কোথায় ?
আমি... ইয়ে... জানি না ।

ও সটকেছে । হাতকড়া পরেই পালিয়েছে । কী ধৃষ্টতা !
ঠিক কথাটা হবে : ও আমাদের হাতে হাতকড়া পরিয়েছে। কী ছুঁচো!

এক ঘন্টা বাদে...
বাহ্ ! একটা গ্রাম । হয়তো এখান থেকে গাড়ি ভাড়া করে সমুদ্রের ধারে যাওয়া যাবে ।

রোসো, ওকে একবার আমি হাতে পেলে হয় !
ইয়ে...বলো, আমরা হাত খুঁজে পেলে হয় !

হেল্লো !
টিনটিন !
!

তোমরা !

এই, দাঁড়াও !
একেই বলে সিংহের মুখে মাথা ঢোকানো !

ওকে ধরো ! ওকে ধরো !

ও গেল কোথায় ?

মাফ করবেন, সার । একটা ছেলেকে এদিক দিয়ে ছুটে যেতে দেখেছেন ?

কী বললেন, একটা ছেলে ? তা হলে সে-ই হবে, সঙ্গে একটা ছোট সাদা কুকুর । ঝড়ের বেগে ছুটে গেল । ওই বনের মধ্যে লুকিয়েছে !
আহ্হ্ ! ওকে পেয়েছি !

কুট্টুস
ভৌ ভৌ
!

কুট্টুস সব ভণ্ডুল করে দিয়েছে !
এ তো টিনটিন !

থামো ! তোমাকে গ্রেফতার করা হল !

ওকে ধরে ফেলছি !
ঠিক কথাটা হবে আমরা...

তোরই দোষ । তুই চুপ করে থাকলে এসব কিছুই হত না ।

এদিকে একটা লরি আসছে । ওতে চড়ে যাওয়ার চেষ্টা করব ।

আমার ভাগ্যে আপনি সোজা ডকে যাচ্ছেন । আমি ক্রস-চ্যানেল ফেরি ধরতে চাই। ধরা যাবে ?

সবাই এসে গেছে ! এবার সিঁড়ি তুলে নাও ।

তা হলে নির্বিঘ্নে পালাতে পেরেছি ! আমাদের ফন্দিটা ভালই ছিল, তাই না ?
খারাপ নয় । টিনটিন যখন নিজেকে নির্দোষ প্রমাণ করবে, আমরা তখন অনেক দূরে...

?
?
বাব্বা !

ও যেন আমাদের দেখতে না পায়। জাহাজে আমরা কিছু করতে পারব না।

দেখা যাক। এক ঘণ্টায় ডোভার পৌঁছে যাচ্ছি। ওখান থেকে একটা ট্রেন লিট্‌লগেট পৌঁছবে দশটা পাঁচে। সেখান থেকে ট্যাক্সি নিয়ে যাব ইস্টডাউনে।

LITTLEGATE
WAY OUT

আমাকে ইস্টডাউনে নিয়ে যেতে পারবেন ?
হ্যাঁ, সার।

ইভান, তোমাকে দেখে খুশি হলাম। সময় নেই, ওই ট্যাক্সির পিছু নাও।
আচ্ছা !

ওই গাড়িটা দেখেছিস, কুট্টুস...কীভাবে পাশ কাটিয়ে এগিয়ে গেল ?

?

ঠিক আছে, ওরা আসছে... তৈরি ?

বেশি সময় লাগবে মনে হচ্ছে, ভাই ?
বুঝতে পারছি না... মনে হচ্ছে ব্রেকে কিছু গোলমাল...

!?

চমৎকার !

খুব সোজা !
পুশফ, দ্যাখো ! আমাদের বন্ধু টিনটিনের হুঁশ ফিরছে !
বাহ্ !
তা হলে তুমি পুলিশের হাত থেকে ভেগেছ। নিরাপদে জেলে থাকলেই ভাল করতে।
পুশফ, রেখো ! এতেই হবে।
আচ্ছা
নেমে এসো ! আর আমার সঙ্গে চালাকির চেষ্টা করবে না !
তোমার কি মনে হয় না ঠাট্টা অনেকদূর গড়িয়েছে ? আমাকে নিয়ে কী করতে চাও ?
অভিনয় নাই-বা করলে। কী করব তা আমরা যেমন জানি তুমিও তেমনই জানো।
দড়ি খুলে দাও।
বাহ্ আমার ধুরন্ধর বন্ধু, তুমি এবার হাই-ডাইভিং-এ বিশ্বচ্যাম্পিয়ান হতে চলেছ। ঝাঁপ দাও !

ওরা টিনটিনকে খুন করতে যাচ্ছে ! বাঁচাও ! আমি কী করতে পারি !
যাও, ঝাঁপ দাও !
যাতে দুর্ঘটনা বলে মনে হয়, তাই না ?
ভ্যা-অ্যা-অ্যা
গরর্‌
গাঁআআআ
যাও...ঝাঁপ দাও ! আমি তিন পর্যন্ত গুনব
এক !...
দুই !?
?
!
শাবাশ কুট্টুস !

ঠিক আছে...
হাত তোলো !

ওই দ্যাখো ! ওরা
ফিরে আসছে !
?

চলো, এখান থেকে পালাই !

চিন্তা নেই, পরের বার ওকে
নিশ্চয় সাবাড় করব !

আয় কুট্টুস, দেরি
করা চলবে না !

তোর মাথায় দারুণ সব
ফন্দি আসে । কিন্তু তার
পেছনে ছুটিসনে !

হেল্লো...হ্যাঁ...ডক্টর মুলার
বলছি...ওঃ, আপনি...কী ?
...টিনটিন পিছু নিয়েছে... !
চোখ খোলা রাখতে হবে !

EASTDOWN 4
আরে, কাল রাতে যে-প্লেনটা ভেঙে পড়েছিল তার ধ্বংসস্তূপ : আয়, একটু দেখি ।
যাচ্ছেতাই কাণ্ড ! পাইলটের কী হল ?
জানি না, সার । আজ সকালে এটা দেখেছি । কর্মীদের পাত্তা নেই । বিপদ বুঝে ওরা নিশ্চয় প্যারাশুট নিয়ে ঝাঁপ দিয়েছে ।
এই প্লেনটাই কাল দেখেছিলাম । নিশ্চয় । তবে এই ভাঙা টুকরো থেকে কিছুই জানতে পারব না ।
কুট্টুস !
?
কুট্টুস কিছু আঁচ করেছে !
ও একটা গন্ধ শুঁকে যাচ্ছে, নিশ্চয় প্লেনের কর্মী ।
ওর মতো কুকুর—দুনিয়ায় দুটো নেই । এক মাইল দূর থেকে ও অপরাধীর গন্ধ পায় ।
সতর্ক হওয়া ভাল ; নিশ্চয় খুব কাছে এসে পড়েছি ।
হুঁশিয়ার...কোনও ঝুঁকি নিচ্ছি না ।
!
?
এসে পড়েছি ! ও কিছু দেখতে পেয়েছে !
?
!?

হাড়ের পেছনে ছুটে সময় নষ্ট করতে লজ্জা করে না ? ওটা আমাকে দে ।

পুরনো নোংরা হাড় চুষতে তোকে হাজারবার বারণ করেছি !

কুট্টুস ! এক্ষুনি চলে আয় বলছি !

ভৌঔঔ

ভৌঔঔ ! ভৌঔঔ

!?

আশ্চর্য...সত্যিই ও আমাকে ওর পিছু নিতে বলছে !

আসছি । কিন্তু যদি এটা আর-একটা হাড় হয় তবে মজা বুঝবি ।

?

পাইলটের জ্যাকেট ! নিশ্চয়ই প্লেনের গুণ্ডারা এগুলি লুকিয়ে রেখেছে ।

পকেটের মধ্যে কিছু ফেলে গেছে এমন আশা নিতান্তই দুরাশা ।

আরে ! এগুলি কী ? কাগজের টুকরো । কিছু ছিড়ে ফেলেছে । হয়তো এর থেকে কোনও সূত্র মিলবে ।

ধাঁধা চিরকালই আমার প্রিয় । এটা আসল ধাঁধা ।

হয়ে গেছে !

Eastdown
Sussex
Müller
24 1

না, বিশেষ সাহায্য হল না। এর মানে কী হতে পারে ?

কুট্টুস, আবার !

...মনে রাখিস, হাড় নিয়ে খেলা আজকের মতো শেষ !

উহহ !

চোখে দেখতে পাও না ? ...সে যাক, তুমি অনধিকার প্রবেশ করেছ। এটা ব্যক্তিগত সম্পত্তি।
দুঃখিত। জানতাম না। আমি পথ হারিয়ে...

এবার ছেড়ে দিচ্ছি। আবার যেন তোমাকে দেখতে না পাই। এই রাস্তায় গিয়ে নদীর ওপর পুল দেখবে। পুল পেরিয়ে বড় রাস্তা পাবে।

কুট্টুস ! তুই কি আমাকে বোকা বানাবার চেষ্টা করছিস ?

ওই তো রাস্তা।

ইস্টডাউন নিশ্চয় এখান থেকে অন্তত দু'মাইল হবে।

Dr J.W. MÜLLER

এদিকে কেউ নেই। চারদিক একবার দেখে নিই।
ভৌ !
ভৌ ! ভৌ !
মরেছি।
ভৌ ! ভৌ !
ভৌ !! ভৌ !!
ভৌ ! ভৌ !!
কুট্টস ! কুট্টস ! ওকে জ্যান্ত গিলে খাবে !
ভৌ !
কুঁইই-কুঁইই
গরর্

এখানে, কুট্টুস !
এখানে আয় !

পালাতে হবে ।
কুকুরটা সতর্ক
করে দিয়েছে ।

উউফ !

মানুষ-ধরা ফাঁদ !

আচ্ছা ! ন' নম্বর ফাঁদে
কেউ ধরা পড়েছে ।
চলো, দেখা যাক ।

কী সৌভাগ্য ! স্বয়ং টিনটিন
আমাকে দেখতে এসেছে !

ফাঁদ খুলে দাও, ইভান । ও পালাবে না ।

গাড়ি বের করো । আমরা
এক্ষুনি যাব ।

আমাদের ব্যাপারে নাক গলিয়ে ভুল
করেছ । এখন তোমাকে সরিয়ে দিতেই
হবে । ভাগ্যে আমি একটা বেসরকারি
মানসিক হাসপাতালের কর্ণধার... বিশেষ
ধরনের হাসপাতাল । ওখানে ঢুকবার সময়
সব রোগীই পাগল থাকে না...

...তবে আট ঘণ্টা চিকিৎসার পরে
তাদের আরোগ্যের সম্ভাবনা থাকে
না । মাফ করো, একটা ফোন করেই
শুধু তোমার সেবায় নিযুক্ত হব ।
ভাবছি...

হেল্লো, হর্নক্লিফ ? ...তোমার জন্য একটি
রোগী আছে...ইয়ে...অত্যন্ত বিপজ্জনক ।
ওর 'বিশেষ' চিকিৎসা
দরকার, বুঝলে ?
জ্বলন্ত
কাঠ ?

পেয়েছি... দড়িতে
ছোঁয়াও...
যেমন হয়ে থাকে, মনে হয় সম্পূর্ণ
সুস্থ, কিন্তু...চিকিৎসার পরে...বুঝতে
পারছ ?

তবে রে !
এই নাও !
দুম
দুম
দুম
পিস্তল, আমার পিস্তল !

এই মরেছে ! গুলি নেই !
ঝনন
উফ্ !
আআহ্ !
ইভানের পিস্তল...যাক,
এখনও গুলি ভর্তি !
বাহ্, এবার ওকে বাগে পেয়েছি !

দড়াম
ঝন
আগুন ! আগুন !
?
আগুন !
আগুন !
সর্বনাশ ! সেই জ্বলন্ত কাঠটা ছুড়েছিলাম... তার থেকে সারা ঘরে আগুন লেগেছে !
আগুন ? সত্যিই আগুন, নাকি আমাকে ধোঁকা দিয়ে বাইরে নেওয়ার ফন্দি ?
কী ব্যাপার ? বড় ক্লান্ত লাগছে...না, ঘুমিয়ে পড়লে চলবে না...কিছুতেই না... আমাকে অবশ্যই...

দ্যাখো !...আগুন লেগেছে !
ডঃ মুলারের বাড়ি !

ভোওওও
ভোওওও
দমকল

দমকলকর্মীরা তৈরি, সার !
বাহ্ !

চলো, চাবিটা কোথায় ?

নিশ্চয় কোথাও রেখেছি...

এখন কী করি ? পকেটটা ফুটো ! ছুটে আসার সময় নিশ্চয় চাবিটা পড়ে গেছে...

বুদ্ধু ! শিগগির চলো ! খুঁজতে হবে...

ওই যে !...ঠিক সময়ে এসেছি, ওই ছাতারে পাখিটার নজর পড়েছে !

?

থামো !
চোর !
চাবি ফেলে দাও বলছি !

পেয়েছি !
আহ্ !
উহুহ্ !

দরজা খোলো ! জলদি !
খুলছি...একটু দাঁড়াও আমি...

মরেছে ! চাবি গুলিয়ে ফেলেছি ! গ্যারাজের চাবি এটা নয় !
ফ্রেড, তা হলে তুমি ! তোমাকে হাজার বার বলেছি এটা আমার মোরব্বা রাখার আলমারির চাবি !
ঢং
ঢং
কপাল খারাপ । দমকল এসে পড়েছে !
ডক্টর, ভেতরে আর কেউ নেই তো ?
না । আমরা সবাই বেরিয়ে এসেছি ।
ভৌ ! ভৌ ! টিনটিনকে ওদের বাঁচাতেই হবে ! ওদের বোঝাই কী করে ! ভৌ !
ওদের বাধা দিতেই হবে, নইলে ওর খোঁজ পেয়ে যাবে !
ওরা ব্যস্ত, এই সুযোগ... কেউ লক্ষ করবে না ।

এই, তুমি হোস কেটে দিয়েছ !
ধরা পড়েছি, চিফ !
চলুন, পালাই !
ও হোস কাটল
কেন...
ভৌ ভৌ রেখে কী হয়েছে বলো !
ভৌ
ও কিছু বলতে চায়...
সর্বনাশ ... তবে ভেতরে
কি কেউ আছে ?
ভৌ !
বরং ভাল করে খুঁজে
দেখা যাক...
ভৌ !
ভৌ !
ভৌ !
ও ফিরে আসছে
না কেন ?

পরদিন সকালে...
আর ডক্টর মুলার... তার কী হল ?

দুঃখিত। আমার লোকেরা ওকে ধরতে পারেনি। বাড়ির পাশেই ওর গাড়ি দাঁড়িয়ে ছিল। ড্রাইভারকে নিয়ে ঝড়ের বেগে পালিয়ে গেল। আমরা ওকে ধরার সুযোগই পাইনি।

দুর্ভাগ্য। আমাকে সরিয়ে ফেলতে ওদের এত আগ্রহ কেন তা যদি জানতে পারতাম। যাকগে। হয়তো ওই বাড়িতে কোনও সূত্র মিলবে, যা থেকে আবার ওদের খোঁজ পাব... আগুনে নিশ্চয় সবকিছু পুড়ে যায়নি...

আপনি নিশ্চয় বিছানা ছেড়ে উঠছেন না !
নিশ্চয়। আমি সম্পূর্ণ সুস্থ বোধ করছি।

না ! ডক্টর মুলারের বাড়ি পুড়ে ছাই হয়ে গেছে !

এখানে দরকারি কিছুই পাব না...

?

বৈদ্যুতিক তার ! এগুলি কী কাজে লাগতে পারে ?

মনে হচ্ছে এর শেষ নেই...

তাজ্জব কাণ্ড ! এটা কোথায় গিয়ে শেষ হয়েছে ?

?

মড়াত
?

একটা লাল বাতি...কিছু বুঝতে পারছি না...

তা-ই নয়, তারটা এখানেও এসেছে।
টিনটিন সারাদিন কি এই করবে?

এখানেও আর-একটা বাতি!

এবং তৃতীয় একটা...

তিনটি গাছ নিয়ে একটা ত্রিভুজ...

বুঝেছি!

Müller
24 1
এগুলি ওই প্লেনের পাইলটের জন্য নির্দেশ। 3 F.r ▽ মানে তিনটি লাল আলোর ত্রিভুজ। একটা সঙ্কেত!

তখন...
আর সবচেয়ে খারাপ ব্যাপার এটাই যে, আজ রাত্তিরে আর-একটা প্লেন জিনিস নিয়ে আসবে। আলো না থাকলে জিনিস না নামিয়ে সেটা ফিরে যাবে। আমার টাকায় টান পড়েছে...

আমাদের ফিরতেই হবে, ইভান। প্ল্যানটা শোনো। অন্ধকার হলে আমরা মাঠে গিয়ে আলোর সঙ্কেত দেখাব। প্লেন থেকে জিনিস ফেললে তা গাড়িতে তুলব। কাল সকালের আগেই আমরা পালাব। তুমি কী বলো?
খাসা মতলব, চিফ।

সেই রাতে...

সর্বনাশ! তার টেনে তোলা হয়েছে। আমাদের সাঙ্কেতিক ব্যবস্থা কেউ জেনে ফেলেছে।
ওই দেখুন, চিফ। সাঙ্কেতিক আলো জ্বলছে!

আরও কেউ প্লেনটার অপেক্ষায় আছে ! ...প্লেন থেকে জিনিস ফেললেই আমরা মরেছি ! ...ওদের বাধা দিতে হবে । আলো নিভিয়ে দিতেই হবে । এসো, তারগুলি কেটে দিই ।
কিন্তু...কিন্তু চিফ, আলো এখনও জ্বলছে !
মনে হচ্ছে আজ ওরা আসবে না ।
আলো দেখা যাচ্ছে । ফেলতে পারি ।
দেরি হয়ে গেছে ! ওই যে প্লেন !
একটা পড়েছে!
আশ্চর্য...ওরা কিছু ফেলল !
চল, দেখি !
টিনটিন, হতচ্ছাড়া কোথাকার !
দুটো গেল !
আর-একটা!
এটা খুব কাছে পড়েছে । প্রথমটার চেয়ে এটা খুঁজে পাওয়া সহজ হবে ।
কী দেখব তাই ভাবছি !

শেষ বস্তা !
ইভান !
থামো !
থামো ! ...নইলে গুলি করব !
ও আমাকে বৃদ্ধু ভেবেছে !...অন্ধকারে আমাকে গুলিতে ঘায়েল করার আশা দুরাশা !
তোমাকে সতর্ক করছি !
দুম
গুলি কোরো না !...আমি ধরা দিচ্ছি...আমি মরতে চাই না !

এবার হাত নামাতে পারি ? চালাকি করব না !
টিনটিন, জাগো !
ওহো !
হাঁদারাম ! বিদেয় হোঁচট খেয়ে বেহুঁশ হয়ে গেছে ! আমি শুধু ওর পিস্তলটা নিয়ে নেব ।
যাচ্চলে, আমি কী করি ?
শোধবোধ !
বেহুঁশ !
সব থেকে জরুরি কাজ হল ওকে শক্ত করে বেঁধে ফেলা !
কথায় আছে প্রয়োজন উদ্ভাবনের জননী । যদি দড়ি না পাও তবে তার দিয়ে কাজ চালাও...
এবার দেখি বস্তায় কী আছে...
উরিব্বাস্ ! সব নোটের তাড়া !
জালিয়াত ! তা হলে এই তোমাদের খেল ! এর জন্য জেলে যাবে !
বরং বাকি দুটো বস্তা খুঁজে বের করি ।
ওই তো একটা...
?
ইক !
ভৌ !

ওরা পালিয়ে যাচ্ছে !
আমি একটা বুদ্ধু ! ওদের ধস্তাধস্তিতে শর্ট-সার্কিট হয়ে তার পুড়ে গিয়েছিল !
জলদি !
গাড়িটা ! ওরা পালাচ্ছে ! ওদের আটকাবার উপায় নেই...যদি না...
এটাই একমাত্র উপায়... ওরা এই পথে এলে, এখনও সম্ভব...
ও ঘাড়টা ভাঙবে !
বাহ্ !
এবার তৈরি হই...ঠিক সময়ে লাফ দিতে হবে...
হুপ্ !
ও আমার মতো দরজা দিয়ে এল না কেন ? ভাব দেখায় যেন কত কসরত জানে... এরা কখনও কিছু শেখে না !

নাকের ডগা দিয়ে এমনই করে ওদের পালিয়ে যেতে দিলাম !
নাকের ডগা দিয়ে ! নাক তো থেবড়ে যাচ্ছিল !
গাড়ি ! ওটা থামাতে হবে !
পঁক
পঁয়অক
সামনে একটা গাড়িতে জালিয়াতরা পালিয়ে যাচ্ছে... আমাকে ওদের পিছু তাড়া করতেই হবে...
জালিয়াত ? ...কী আশ্চর্য ! ক্যারাভানে উঠে পড়ুন !
আমরা ঠিক রেকর্ড ভাঙার মতো বেগে যাচ্ছি না ! যদি ওদের গাড়ির টায়ার ফেঁসে যায় তবে ধরতে পারব !
পুরনো গাড়িটা একটু ঢিমে । তবে গরম হলেই পক্ষিরাজ হয়ে যাবে !
বলিনি ? ...এর মধ্যেই পাখা মেলেছে !
এই রে ! মরেছি !
অন্যের জমিতে ক্যাম্প করার অপরাধে আপনাকে সোপর্দ করছি... দ্বিতীয় অপরাধ— বিনা অনুমতিতে ফল তুলছেন... এবং তৃতীয় অপরাধ—এমনভাবে সাঁতার কাটছেন যার ফলে শান্তিভঙ্গ হতে পারে !
স্নান করা নিষেধ

নাঃ, ওদের আর কোনও আশাই নেই !
দেখুন, দুর্ঘটনা !
কী আশ্চর্য ! এটা ওদের গাড়ি !...দয়া করে আমাকে এখানে নামিয়ে দেবেন ?
আরোহীরা ?...গায়ে আঁচড় লাগেনি । ওদের রেল স্টেশনের দিকে চলে যেতে দেখলাম...
ওরা এই ট্রেনটা ধরবে !
ট্রেনটা স্টেশন ছেড়ে চলে যাচ্ছে !
ও ঠিক আবার মুখ থুবড়ে পড়বে !
আয়, কুট্টুস !
এবার পেরেছি !

বাঁচাও ! সুড়ঙ্গ !
ভৌ ! ভৌ !
সর্বনাশ, এর যে শেষ নেই !
থুঃ ! কী নোংরা !
ও যদি নিজের ছিরিটা দেখত !
কুট্টুস, আমাকে ধরে থাক !
আমি মুখ ধুতে যাচ্ছি । বস্তাটার দিকে নজর রেখো ।
আচ্ছা

থামো !
ওকে থামান !
কী হচ্ছে ?
খোকা, শোনো—
আমাকে যেতে দিন...
এখান থেকে পালাও ! টিনটিন এই ট্রেনে উঠেছে !
আরও দেরি হয়ে গেল ! এত প্রশ্ন, জবাব দিতে সারাদিন লাগত...এক মুহূর্ত সময়ও নষ্ট করা যাবে না...
ভদ্রতা করবার সময় নেই !
আর-একটু মাংস, ম্যাডাম ?
বেশ !
দুঃখিত !
হয়েছে ?
হ্যাঁ, হ্যাঁ, প্রায় শেষ করেছি !
1020
238

আরে, কী হচ্ছে ? ট্রেন থেমে যাচ্ছে যে !

শাবাশ !
ব্যস । অটোমেটিক ব্রেক এক্ষুনি সব বগি থামিয়ে দেবে ।
10 20
238

ওরা পালিয়েছে...ধূর্ত শয়তান !
দুঃখিত এ-কথা বলতে পারছি না । শান্তিতে খেয়ে নিই ।

চল, কুট্টুস ! বসে থাকার সময় নেই । রিলিফ এঞ্জিন আসতে দিন কাবার হয়ে যেতে পারে

কুট্টুস, আমাদের কপাল ভাল । এক্ষুনি একটা মালগাড়ি ছেড়ে যাচ্ছে ।

উহ্ !
WHISKY

উফ্ !

একেবারে চামড়া হয়ে গিয়েছে !

LOCH LOMOND
আরে, বৃষ্টি পড়ছে !
উহুঁ, জল নয় ! তা হোক, এর মধ্যে কী যেন একটা আছে !
আহ্হা ! নিশ্চয় কোথাও ফুটো আছে...
বরং একটু সাফ সুতরো হয়ে নিই !
থামো !
স্টেশন কি ?...না...ভাবছি তা হলে ট্রেন থামল কেন ?
এর মানে কী... ? লাইনের ওপর একটা এঞ্জিন দাঁড়িয়ে আছে...
ওরা এটাই ছিনতাই করেছিল । নিশ্চয় মুলার ফেলে গিয়েছে... কিন্তু ওরা গেল কোথায় ? ড্রাইভার হয়তো হদিশ দিতে পারবে...
বার্ট ! তোমার কিছু হয়নি তো ? কী হয়েছিল ?
দুটো ডাকাত...আমার কেবিনে উঠল... ট্রেন চালাতে বাধ্য করল...তারপর ট্রেন থামল । ওদের একজন পেছন দিক থেকে আমার মাথায় হাতুড়ি মারল... আমি বেহুঁশ হলাম । ওরা কোনদিকে গেল দেখিনি...
ঠিক আছে । আমার কুকুর ওদের খুঁজে বের করবে...কুট্টুস !
ও কোথায় গেল ? কুট্টুস... এই কুট্টুস !
কুট্টুস !
যাস্‌সি রে বাওয়া...যাস্‌সি...হিক্...কুকুর বলে কি...হিক্... আমরা মমানুষ নই...

মরেছে, ও মাতাল হয়ে গেছে !
শুধু...হিক...
হিম্মতটা...
হিক...দ্যাখো !

তোর লজ্জা পাওয়া উচিত !...জঘন্য !
...তুই আস্তাকুঁড়ের নেড়ি কুত্তার অধম !

এবার নেশা কাটিয়ে গন্ধ শুঁকে এগিয়ে চল ।
আমরা ডাকাতের পিছু নিয়েছি...মনে আছে ?
অন্যায় ককথা...ততোমরা দু'জনে...হিক...মিলে এক ববেচারা...হিক...কুকুরের ....হিক...পপেছনে লেগেছ !

আঃ, একটা পানশালা...আর কুট্টুস কিছু একটা গন্ধ পেয়েছে !
ভৌ !

কুট্টুস ওদের খোঁজ পেয়েছে !
ও কখনও আমাকে ডোবায়নি !
ভৌ !

ভৌ ! ভৌ !

সতর্ক না হলে তোর কপালে দুর্গতি আছে !

এই রে !
তা হলে আবার দেখা হল, কেমন ?

সর্বনাশ !
কী ?

এবার তুমি পালাতে পারবে না !

ধরেছি ! এত তাড়া কেন ?

ছেড়ে দাও ! ...বুঝতে পারছ না ? ওরা ডাকাত ...গুণ্ডা ... ওরা পালিয়ে যাবে !
তোমার চালাকি আমরা জানি !

এত তাড়াতাড়ি ও এখানে এল কী করে ?
WHITE HART

কী আশ্চর্য... আমি বলছি ওরা জোচ্চোর... আর তোমরা ওদের পালাতে দিচ্ছ !
এটা তোমার কথা ! আমরা তোমাকে গ্রেফতার করছি... ট্রেনের সেই ডাকাতি... নাকি সেই ছোট্ট ঘটনাটা তুমি ভুলে গেছ ?

হাস্যকর ব্যাপার ! তোমরা এখনও সেই মরা ঘোড়াটাকেই চাবুক মেরে চলেছ ?...শোনো, একটা রফা করা যাক ! ওই ডাকাতদের আগে জেলে পুরতে দাও, পরে আমি নিজেই ধরা দেব !

হুমম !... তোমার কী মত ?
হুমম !... কাজটা... মানে ...বেআইনি... তবে ভেবে দেখলাম... মানে...এতে তেমন দোষ হবে না !

আমরা রাজি, তবে একটি শর্তে : আমরা তোমার সঙ্গে যাব !

দু'জনে একই কথা ভাবছি, না ? ও বাজিমাত করলে সব কৃতিত্ব আমরা নেব !

চালিয়ে যা, কুট্টুস !

আশা করি দেরি করে ফেলিনি !
HALCHESTER FLYING CLUB

ওদিকে তাকাও ! প্লেনটা উঠে যাচ্ছে... বাজি রাখতে পারি ওরা সেই ডাকাত !

হুঁশিয়ার ! ও আমাদের দিকে ছোঁ মারছে !

বদমাশ !
ওরা যথার্থ বেপরোয়া ড্রাইভার !

আমাদের টুপি... ?
ওখানে ।

বর্বরের দল ! এমন তোফা নতুন টুপি !
মনে আছে সাত বছর আগে কিনেছিলাম... কোতা নতুন টুপি !

টিনটিনের কথা ঠিক মনে হচ্ছে । ওরা দেখতে জোচ্চোরের মতো ।
যথার্থ কথা : আমারও তা-ই মত । টিনটিন ঠিক বলেছে : ওরা জোচ্চোর !

ব্‌র্‌র্‌র্‌
?
?

আমার জন্য অপেক্ষা কোরো, ফিরে আসব !

চলো ওদের পেছনে ছুটি ! ওদিকে আর-একটা প্লেন আছে...জলদি চলো !
আমরা পুলিশ অফিসার... এক্ষুনি তোমার প্লেনে রওনা হব । এঞ্জিন চালু করো !
কিন্তু সার আমি...
ঢের হয়েছে ! ওজর নয় ! আমরা পুলিশ, বুঝেছ ? তোমাকে আর তোমার প্লেনকে হুকুমদখল করছি !
পুলিশ...বুঝেছ ?
জোরে চালাও !
এই...ইয়ে...হাওয়াই কসরত বন্ধ করো !
দ-দুঃখিত, সার...চ-চেষ্টা তো ক-করছি... আ-মি এই প্রথম প্-প্লেন চালাচ্ছি...আ-সলে আম-মি শুধু প-প্লেনের ম-মিস্তিরি !
G-ARCR
এক্ষুনি ওদের ধরে ফেলব, যদি না...
যা ভয় করেছিলাম...মেঘের মধ্যে ঢুকে যাচ্ছি...
কিছুই দেখা যাচ্ছে না...ওদের নিশানা হারিয়ে ফেলেছি ।
নামতে হবে...সমুদ্রের কাছে এসেছি, জলে পড়ে যেতে পারি !
মনে হচ্ছে বেশি এবড়োখেবড়ো নয় । নামার চেষ্টা করব...
একটা দেওয়াল ! মরেছি !

ধমাস
ক্র্যাক
?
কিছু হয়নি তো ?
আহা, ছোট্ট ছেলেটা ! কাঁটাঝোপের মধ্যে গিয়ে পড়েছে !
কাছেই আমার বাড়ি । চলো, আমার কিছু জামাকাপড় তোমাকে পরতে দেব ।
খুব বেঁচে গেছেন...
তা আর বলতে !
শুনুন, একটা প্লেনের শব্দ !
এই কুয়াশায় ওটা দেখা যাবে না ।
আমাদের নামিয়ে দাও বলছি ।
আমি তো বারেবারেই বলছি : প্লেন কী করে নামাতে হয় আমি জানি না ।
প্লেনটা পড়ে যাচ্ছে বন্ধু ! চাকা থেকে হাত সরিও না !
উফ্ ভেবেছিলুম শমন এসে শিয়রে দাঁড়িয়েছে !
আম্মো তা-ই ভেবেছিলুম !
ভেতরে যাও!
যা দরকার ওই ঘরে পাবে ।
ধন্যবাদ ।
?
ঠিক আছে ?
চমৎকার ! আমি আসছি !
এই !
অ্যাঁ !

কুট্টুস ! ফের দুষ্টুমি শুরু করেছিস !

মনে হচ্ছে এটাই সেরা ব্যবস্থা !
অবাধ্য, বদমাশ কুকুর... তোমার একটু শিক্ষা দরকার ।

আমাদের বন্ধু রাতটা এখানে কাটাতে বলছেন ! অন্ধকার হয়ে আসছে ।
আপনার আমন্ত্রণ অবশ্যই গ্রহণ করব । আপনার অশেষ অনুগ্রহ ।

পরদিন সকালে...
...গত রাত্রের ঘন কুয়াশায় ব্রিটিশ দ্বীপপুঞ্জে অনেক দুর্ঘটনা ঘটেছে...

আজ সকালে কিলটকের জেলেরা সমুদ্রে একটি বিধ্বস্ত হালকা বিমান দেখতে পায় । বিমানের রেজিস্ট্রেশন G-AREI বিমানকর্মীদের খোঁজ মেলেনি । আশঙ্কা করা হচ্ছে, তারা ডুবে গেছে ।

G-AREI ...আমরা যার পিছু নিয়েছিলুম...একই রেজিস্ট্রেশন... যাক, ওদের খেলা শেষ হয়েছে । হতভাগ্যরা ডুবে মরেছে ।
হতে পারে, তবে নিশ্চিত হতে চাই । খোঁজ নিতে কিলটকে যেতে চাই ।

কিলটক পনেরো মাইলের বেশি নয় সাবধান, উপত্যকার পথ ধরে যাবে ।
ধন্যবাদ !

পনেরো মাইল অনেক পথ । বিকেলের আগে পৌঁছতে পারব না ।

!?

কুট্টুস ! এখানে আয় !
ভৌ !

ভৌ !
ভৌ !

ভোউউউ !
ভোউউউ !
?
ভোউউউ !
বেচারা কুট্টুস !
কাঁটাঝোপের ওপর বসতে গেলি কেন ?
সমুদ্রের গন্ধ পাচ্ছি । নিশ্চয় খুব কাছে এসে গিয়েছি ।
দ্যাখ, ওই যে কিলটক !
নমস্কার ।
রাতের জন্য একটু জায়গা পাব কি ?
নিশ্চয় ।
বাহ ! দয়া করে কিছু খাবারও দেবেন... আমি সবে কিলটকে পৌঁছেছি...বিমান দুর্ঘটনার কথা শুনলুম । খুবই দুঃখের কথা ! ওদের লাশ কি পাওয়া গেছে ?
না, এখনও ওদের কোনও খোঁজ মেলেনি ।
ওদের খোঁজ আর মিলবেও না ।
?
?
কোনওদিন না !
কেন নয়... ?
বলছ, কেন নয় ? হা ! হা ! হা ! বোঝাই যাচ্ছে তুমি এ-তল্লাটের লোক নও, খোকা । হলে জানতে কেন ওদের পাওয়া যাবে না । তুমি দানোর কথা শোনোনি ?
?

দানো ?... কোন দানো ? ...লক-নেসের দানো ?
না, খোকা । আমি বলছি কৃষ্ণদ্বীপের ক্রেগ ধুই দুর্গের আতঙ্ক সেই দানোটার কথা । ওখানে যে যায় দানোটা তাকেই গিলে খায় ।

মনে আছে মাস তিনেক আগে দুটো বাচ্চা ছেলে আমাদের কথা অগ্রাহ্যি করে একটা ডিঙি নিয়ে ওই দ্বীপে কী আছে দেখতে গিয়েছিল । সমুদ্দুর ছিল শান্ত... কিন্তু বললে পেত্যয় যাবে না...ওদের আর দেখা যায়নি !...

সেদিন কোয়াশা ছিল...বেচারা ম্যাক গ্রেগর ! ও নির্ঘাত দ্বীপের চড়ায় আটকে গিয়েছিল...ওকে আর কেউ দেখতে পায়নি ! আবার দু' বছর আগে...না, থাক... কত আর বলব...

উহ্ ! ভয়ঙ্কর ওই দানো ! কখনও-কখনও রাত্তিরে সমুদ্দুর থেকে হাওয়ায় ওর গর্জন ভেসে আসে...চুপ !
গুম

গুম
গুম
?

সার, আপনার চা ।
ধন্যবাদ । বুঝলে, ওই শব্দটা অদ্ভুত । আমি কাল কৃষ্ণদ্বীপে যাব ।

পরদিন সকালে...
আমাকে কৃষ্ণদ্বীপে নিয়ে যাবে ?
কৃষ্ণদ্বীপ ? ওখানে যেতে চাইছ কেন ? বেঁচে থাকার ইচ্ছে নেই বুঝি ?

কী বললে ? তোমাকে কৃষ্ণদ্বীপে নিয়ে যাব ? ওটা বাচ্চাদের জায়গা নয় ! আমিও মরতে চাই না !

কৃষ্ণদ্বীপে ? মনে রেখো ওখানে যাওয়ার হিম্মত এখানে কারও নেই !

বাহ্ ! যা চাইছিলুম !

এই, শোনো ! তোমার নৌকোটা দেবে ?
তুমি কি আউটবোর্ড মোটর চালাতে পারবে...

তুমি যাবে কোথায় ?
ইয়ে...আমি ক্রেগ ধুই দুর্গটা দেখব ।

কৃষ্ণদ্বীপ ? তবে দেব না ! তুমি ফিরবে না, আমার নৌকোটা যাবে !
কিন্তু কিনে নিলে ?

এবার চল !
KI 5

আরও একজন মরতে চলল...

কৃষ্ণদ্বীপ !
ওরা ঠিকই বলেছিল...এটা ভয়ঙ্কর জায়গা
আগে দুর্গে খোঁজ নিতে হবে !
ওটা নিশ্চয় গম্বুজের সিঁড়ি ।
কী চমৎকার দৃশ্য !
গুম
গুম
?
?

?
গুম
গররর্
গুম
গুম
গুম
একটা গোরিলা !
ভয়ঙ্কর দানো !
টিনটিন, ওকে মারো !
!
গুম
গুম
সর্বনাশ ! দরজা বন্ধ !
গুম
গুম

দরজা বন্ধ !...আমরা ফাঁদে ধরা পড়েছি !
চল, অন্য রাস্তা খুঁজে বের করি...
দেরি হয়ে গেছে !
এবার ওকে ফেলে দিতে না পারলে আমরা মরেছি !
গর্‌র্‌র্‌
টিনটিন, টিপ করে !
আশ্চর্য ! ও যেন কিছু টেরই পেল না !
ও কী করছে ? মনে হচ্ছে যেন কিছু খুঁজছে...
মট !
গর্‌র্‌র্‌ ! গর্‌র্‌র্‌ !

দড়াম
বেঁচেছি
বেঁচেছি !
রাআআআহ্
ভৌ !
প্রাণ নিয়ে নৌকোয় পালিয়ে যেতে হবে।
নৌকো হাওয়া !
কুট্টুস, এখন কী করি ?
র‍্যাঙ্কো ! যাও, ওদের খুঁজে বের করো !

ওদের খুঁজে বের করো, র‍্যাঙ্কো ! যাও !
গোরিলাটা ! ওর সঙ্গে একটা লোকও রয়েছে !
রাআআহ্ !
ভৌ !
একটা গুহা ! শাবাশ, কুট্টুস ! হয়তো ঢুকে যেতে পারব !
ভৌ !
ভাগ্য ভাল...এটা চওড়া হয়ে গেছে !
শ্‌শ্‌ ! ওরা আসছে...
যাও, র‍্যাঙ্কো !...এগিয়ে যাও !
আচ্ছা ! ওরা তা হলে এখানে লুকিয়েছে !
রাআআহ্ !
বাঁচাও ! ও আমাদের গন্ধ পেয়েছে ! ভাগ্য ভাল, মুখটা চওড়া নয়...
ভৌ !
অভিনন্দন, টিনটিন ! চমৎকার পালিয়ে এসেছ... আমাদের বিশ্বস্ত র‍্যাঙ্কোকেও ফাঁকি দিয়েছ...গুহার মধ্যে তুমি সম্পূর্ণ নিরাপদ...শুধু একটি শত্রু তোমাকে...
রেহাই দেবে না...সেই শত্রু সমুদ্র ! জোয়ার আসছে ! বাইরে এসে ছোট্ট র‍্যাঙ্কোর সামনে দাঁড়াতে না চাইলে ওই গর্তেই তুমি ইঁদুরের মতো ডুবে মরবে !

এখানে থেকে আমাদের বেরিয়ে যেতেই হবে...
গুড়ুম
গুড়ুম
ওর মতলব সত্যিই খারাপ !
ভৌ !
এখন কী করি... ?
ভৌ ! ভৌ !
কুটুস কী দেখেছে ? এগিয়ে দেখি ।
কুটুস, তোর তুলনা নেই ! বেঁচে গিয়েছি !
আরে ! গুহার যে শেষ নেই দেখছি ।
এটা কোথায় নিয়ে যাবে... ?
এক ঝলক আলো...
?

একটা ছাপাখানা ! জালিয়াতরা ! ভাবতেই পারিনি আমার লক্ষ্য হাতের কাছেই !
বাঃ...একেবারে নিখুঁত ...এই ছাপটা দ্যাখো !
হাত তোলো !
?
?
পিস্তল মাটিতে রাখো ! ঘুরলেই গুলি করব...এই, আমার কথা কানে যায়নি ? বললুম না পিস্তল মাটিতে রাখো !
আ...মার পিস্তল নেই !
ঘুরবার চেষ্টা কোরো না !
!
দু'জনের কেউ ঘুরবার চেষ্টা করলেই...
...সেটা হবে তোমাদের জীবনের শেষ কাজ !
উহ্ !
টিনটিন !
এবং ওর কাছে অস্ত্রও ছিল না !

?
পিছিয়ে যাও ! হাত তুলে দাঁড়াও !
তামাশা যথেষ্ট হয়েছে । ওখানে এক বাণ্ডিল দড়ি আছে । টেকো বুড়ো, ওটা দিয়ে তোমার গুঁফো বন্ধুকে বেঁধে ফ্যালো । বাঁধন যেন শক্ত হয় !
হাত চালাও ! দড়িটা কষে টানো । আমাকে যেন গুলি চালাতে না হয় !
এবার তোমার পালা...বাহ্, এতেই হবে ! গুলিভরা পিস্তল দেখলে গুণ্ডারা কত চটপট সুবুদ্ধি ফিরে পায়, ভাবলে অবাক লাগে ।
গুলিভরা পিস্তল ?...আহাম্মকি আর কাকে বলে !...এক্ষুনি মনে পড়ল পিস্তলে গুলি ছিল না !
এখন মনে পড়লে আর কী হবে !
ঠিকই তো ! একেবারে খালি !
বাঁচাও ! বাঁচাও ! মেরে ফেললে !... বাঁচাও ! বাঁচাও !
বাঁচাও...টিনটিন এখানে...বাঁচাও !
চুপ করো, নইলে...
কী করবে করো...ভয় দেখাও ! তোমার ধমকে চুপ করব না ! ওই পিস্তলে গুলি নেই তা কি ভুলে গেলে ?
হতে পারে । তবে অন্যভাবেও পিস্তল ব্যবহার করা যায়... দেখিয়ে দিচ্ছি !
শাবাশ, এই তো চাই, টিনটিন ! এক !...দুই...ব্যস
বড্ড দেরি হয়ে গেছে ! ওদের চেঁচামেচিতে লোক ছুটে আসছে...পায়ের শব্দ পাচ্ছি...

জলদি ! কালির বেলন...খালি পিস্তলের চেয়ে এটায় বেশি কাজ হবে !
এখানে কেউ নেই !
দেরি হয়ে গেছে, ও পালিয়েছে !
এটা টিনটিনের কাজ, তাতে কোনও সন্দেহ নেই ! হতচ্ছাড়া আমাদের সাড়া পেয়ে পালিয়েছে ! যাও, এক্ষুনি বসকে হুঁশিয়ার করো !
ডঃ মূলার... আর তার সঙ্গী ইভান !
ইভান !...আমি...
কী ব্যাপার, স্যার ?
আর লাগবে ?...মনে তো হয় না... এখন এগুলোর ব্যবস্থা করা যাবে !

এই তো, এতেই হবে ! আমি চলে গেলে লক্ষ্মী হয়ে থেকো !
ভোঔঔঔ
পুরো ভরতি, চমৎকার ! তবে আশা করি ব্যবহার করতে হবে না...এবার চল...
আচ্ছা ! কিন্তু কী করতে যাচ্ছি তো খেয়াল রেখো !

দারুণ কাজ করেছ, র‍্যাঙ্কো ! টিনটিনকে আর বেঁচে ফিরতে হবে না !
তা হলে প্রথম অভিনন্দন আমিই জানাচ্ছি !
ভূত ! টিনটিনের ভূত !
হে প্রেতাত্মা ! আমাকে দয়া করুন !...দয়া করুন !
ও পাগল হয়ে গেছে !
দয়া করে আমাকে রেহাই দিন...আমাকে ক্ষমা করুন !
উউউহ্ !
জুজুৎসুর ছোট্ট একটা প্যাঁচ, বুঝলে বন্ধু !
আর একে বলে উলটো প্যাঁচ !
গরর্র্ !
দেখা যাক গুলির শব্দে কী হয়...
দুম

ওহ্
ও টিনটিনকে গিলে খাবে !
ভৌ !
ভৌ !
ভৌ ! ভৌ !
ওকে তাড়িয়েছি ! টিনটিনকে এবার সাহায্য করতে হবে !
যাচ্চলে, আবার কী হল, অ্যাঁ ?
আচ্ছা, ও আবার এসেছে...মজাটা দ্যাখো!
ভৌ
কুট্টুস, তোর ভয়ে ও মরে যাচ্ছে !
বোকামি, তাই না ? অত বড় একটা জানোয়ার আমার মতো এক পুঁচকের ভয়ে কিনা...

কুট্টুস !...কুট্টুস !...তুই কোথায় গেলি, কুট্টুস ?

আরে, বীরপুরুষ, তুই এখানে। চল, বাকি জায়গাটা খুঁজে দেখতে হবে।
বীরপুরুষ ! ঠাট্টা হচ্ছে !

শ্‌শ্‌ ! দরজার ওধারে কেউ কথা বলছে শুনতে পাচ্ছি।

পয়লা বাজি ও জিতেছে, কিন্তু এখন কী হয় দেখা যাক...ও ভুল করতে পারে...ওই যে, ও এইদিকে আসছে...

হাত তোলো !

দূর ছাই, একটা টেলিভিশন চলছে !
আর-এক চক্কর...

...বিমানের কসরতে চ্যাম্পিয়ান জনি জেম্‌স মাটিতে নামল...ওই শুনুন দর্শকের অভিনন্দন।
বিমানচালনার প্রদর্শনী !

আমাদের রেকর্ড-করা পরবর্তী অনুষ্ঠান রাজকীয় বিমানবাহিনীর এক স্কোয়াড্রন জঙ্গিবিমানের ফর্মেশন ফ্লাইং।
টেবিলটায় একবার চোখ বুলিয়ে নিই...

আরে! কী সৌভাগ্য! ওদের সহযোগীদের ঠিকানা !...চেকো-স্লোভাকিয়া, জার্মানি, ফ্রান্স, হল্যাণ্ড, অস্ট্রিয়া...সব জায়গায়... পুলিশ হাতে স্বর্গ পাবে !

- ৫ -
—হানসা স্টাসজেক
সস্ত্রোভিজ, ৪৫, প্রাহা
—অটো স্টেনকফ
হেডেমানষ্ট্রস, ১৮ পট্‌সডাম
—লুই বনভন্ট
ভিলা গাই-সোলিল
সেন্ট জার্মেন

এবার আসছে আরও এক প্রতিযোগী... নম্বর...আরে, প্রতিযোগীর তালিকায় ওর নাম নেই...কিন্তু তাতে কী ?...সত্যিও ও দারুণ খেলা দেখাচ্ছে ! চেয়ে দেখুন !... ওর স্নায়ু নিশ্চয় ইস্পাতে তৈরি !

অবিশ্বাস্য কাণ্ড...প্রতিভাধর বৈমানিক...অসাধারণ আত্মবিশ্বাস নিয়ে ও বিমান চালাচ্ছে...অদ্ভুত সব কসরত দেখাচ্ছে...

নীচে নামো বলছি !
ননামতে পারলে তো নামব !

প্লেনটা গর্জন করে নেমে আসছে, মাটি ছুঁয়ে আবার রকেটের মতো উঠে যাচ্ছে...
থামো ! আমরা নামতে চাই, শুনতে পারছ ?
ও আবার নীচে নেমে আসছে...এবং আর একটি নিখুঁত ডিগবাজি খেল, তার পরে ...সর্বনাশ ! একজন যাত্রী প্লেন থেকে ছিটকে পড়ে গেছে...সাঙ্ঘাতিক কাণ্ড !
G-AIRJ
ওহ্ ! কী চমক ! সত্যিই আমাদের বোকা বানিয়েছিল !
এবার ও সত্যিই নেমে আসছে... মাটিতে নামতে যাচ্ছে...এঞ্জিন বন্ধ করেছে...
প্লেন মাটি ছুঁয়েছে...আবার লাফিয়ে উঠে গেল...
...এবং মাঠের মাঝখানে স্থির হয়ে দাঁড়াবার আগে শেষবার ভয়ঙ্কর এক ডিগবাজি খেল ।
জয় সম্পর্কে সন্দেহের অবকাশ নেই ! বিচারকরা একমত...বিমানের কসরতে আপনারাই চ্যাম্পিয়ান !

সময় নেই...ওদের আর কী আছে দেখতে হবে...

রেডিও ট্রান্সমিটার ! আমার ভাগ্য ভাল !

বাঁচাও...বাঁচাও...পুলিশ...পুলিশ... চরম বিপদ...শুনতে পাচ্ছেন ?

পুলিশ কন্ট্রোল... পুলিশ কন্ট্রোল... পরিষ্কার শুনতে পাচ্ছি...বলুন !
এটা সেই গোপন ট্রান্সমিটার...তিন মাস ধরে আমরা যেটা খুঁজছি...

ওরা শুনতে পাচ্ছে !

আমি টিনটিন...পুলিশকে ডাকছি...আমি কিলটকের কাছে কৃষ্ণদ্বীপে । একদল জালিয়াতকে আটকে রেখেছি! ওদের তুলে নিতে ফৌজ পাঠাতে পারেন ? শেষ...

পুলিশ কন্ট্রোল...পুলিশ কন্ট্রোল...শুনেছি । এক্ষুনি সাহায্য পাঠাচ্ছি । ভাগ্য তোমার সহায় হোক, টিনটিন ! ছেড়ে দিচ্ছি !

যাক, কাজ চুকল ! শিগগিরই পুলিশ এসে পড়বে, আর তারপরেই আমরা কৃষ্ণদ্বীপ ছেড়ে যেতে পারব !

সময়ও হয়ে গেছে ! মধ্যযুগের পরিবেশে হাঁফিয়ে উঠেছি !

এই রে ! ও বাঁধন খুলে পালিয়েছে !

এবার বিপদ !...অন্যরাও ছাড়া পেয়ে যাবে ; গোটা দলটাই আমাদের ওপর ঝাঁপিয়ে পড়বে ।

আস্তে...পিস্তলে গুলি ভরে নাও । এবার যেন ভুল না হয় ।
চিন্তা নেই, আমাদের হয়রানি করার ফল ও ভুগবে !

শশশ !

ওই যে !
তুমি ঘুরে বাইরে গিয়ে ওর পালাবার পথ বন্ধ করো !
ঝনননন
তোমাকে ধরেছি !
ফাঁদে পড়েছি !
দুম
দুম
ও গম্বুজে আশ্রয় নিয়েছে !
চমৎকার ! ওকে কোণঠাসা করেছি !
পুলিশ কন্ট্রোল...পুলিশ কন্ট্রোল টিনটিনকে ডাকছে...আমরা তোমাকে সাহায্য করতে আসছি...পুলিশের একটি লঞ্চ কৃষ্ণদ্বীপে ছুটে যাচ্ছে । পুলিশের সঙ্গে দু'জন গোয়েন্দা আছে...শেষ । তোমার পালা...টিনটিন... টিনটিন...শুনতে পাচ্ছ ?...কথা বলো...
ধেত্তেরি ! গুলি শেষ ! এবার মরেছি !
চলো ! ওর গুলি ফতুর ! এবার ওকে শেষ করো !

ভাগ্য ভাল, এখনও হাতে কিছু আছে...

?

ক্র্যাক
দমাস
ভৌ
ভৌ

ওই যে কৃষ্ণদ্বীপ, কয়েক মিনিটের মধ্যেই পৌঁছে যাব ।

আমি র‍্যাঙ্কোকে নিয়ে আসছি । ও অন্তত সামান্য কয়েকটা পাথর দেখে ভয় পাবে না !

মনে হচ্ছে এতেই ওদের উৎসাহে ভাটা পড়েছে...

ররর
ররর
এঞ্জিনের শব্দ শুনতে পাচ্ছি...

কেল্লা ফতে !...পুলিশ !

রাআআআহ্

ভৌ

র‍্যাঙ্কোর দেরি হবে না !

রেডি...স্টেডি...
রোসো, আমি আসছি !
গো !
আমার কথা যদি শুনতে...
হুঁশিয়ার, ধাক্কা লাগবে !...
অস্ত্র ফেলে দাও !
পুলিশ ! আর উপায় নেই !
টিনটিন ! এবার বেরিয়ে এসো ! আর ভয় নেই... আমরা এসে পড়েছি !
কুট্টুস, চলে আয় ! বিপদ কেটে গেছে... চল, নীচে যাই !

আমি দুঃখিত...একটা পাথরে হোঁচট খেয়ে...
সত্যি?
তা-ই ?
কী হয়েছিল ? ওরা কি জোর লড়াই করেছিল ?
না, না...কলম্বস...থুড়ি ক্যাপ্টেন কুক...মানে সেই আমলেরই কে যেন বলেছিল 'আমরা এলুম, দেখলুম, জয় করলুম।'
চমৎকার !...যাওয়ার আগে শেষবারের মতো চারদিকটা একবার দেখে নিতে চাই। আপনারাও আসুন না কেন ?
একটা প্লেন !
কিন্তু প্লেন নামার মাঠ কোথায় ? ওরা...ইয়ে...নামল কী করে ?
দেখছি। ওদিকে একটা দরজা রয়েছে। ইস্পাতের শাটার লাগানো।
ভাটার সময় বালিতে...বুঝলেন ? ওখানেই ওদের প্লেন নামত !
এখানে আরও কিছু সেই বস্তা। জাল নোটে বোঝাই, পাচারের জন্যে তৈরি
উহ্ ! বড্ড শীত। চলো ওপরে যাই !
তোমাকে গোপনে বলছি, জায়গাটা ছেড়ে যেতে পারলে বাঁচি...ইয়ে...তুমি... মানে ভূতে বিশ্বাস করো ?
আমি ?...ভূতে বিশ্বাস করি ? হা ! হা !...
উউউ হু হুউউ উউ

ভূভূউউত !
যথার্থ বলতে গেলে : একটা বে-স্কাদ...ত্যি
?
ভূত ?...ভুতুড়ে দুর্গ ?...ওরা প্রলাপ বকছে কেন ?
উউউ হুউউ
?
টিনটিন !
টিনটিন !
ভয় নেই, ভূত নেই। নির্ভয়ে ওপরে আসুন !
এই বেচারা কাঁদছিল। আপনারা আসবার আগে গম্বুজের সিঁড়ি থেকে পড়ে ওর হাত ভেঙে গেছে। এখন আমরা খুব বন্ধু।
ওকে নিয়ে ক্কী করবে ?
সঙ্গে নিয়ে যাব। এখানে ফেলে গেলে বেচারা না খেয়ে মরবে। কোনও চিড়িয়াখানায় দিতে পারলে আরও ভাল হয়।
চলে আসুন। আমাদের জন্যে লঞ্চ দাঁড়িয়ে আছে।
এদিকে...
শুনুন সার, আপনাদের কাগজে লিখে দিতে পারেন যে, আমি না থাকলে বদমাশরা ধরাই পড়ত না। বাচ্চা ছেলেটাকে বললুম "কৃষ্ণদ্বীপে ভুতুড়ে কাণ্ড আছে।" ও বলল "তা হলে জন্তুটা কী ?" আমি বললুম "সব মিথ্যে। ওখানে জন্তু নেই, যেমন নেই এই এই পানীয়ের দোকানে।" ওকে তা-ই বললুম আর ও হুট করে চলে গেল।
ওরা আসছে !
হুররে !
চলে আসুন !
এই সেই টিনটিন !
অভিনন্দন, সার। আপনার নিজের মুখ থেকে কিছু শুনতে পারি ?
আমি...মানে... ইয়ে...
তাজ্জব ব্যাপার ! গোলমেলে কিছু বলে ফেলেছি কি ?

দৈনিক সংবাদ

গ্লাসগো সংস্করণ

১১.৪৩২ সংখ্যা

মূল্য ৪ শিলিং

লক ল
পানীয় স্পেশ্যাল

কৃষ্ণদ্বীপ-নাটকের নায়ক তরুণ প্রতিবেদক

রহস্যময় দ্বীপে জালিয়াতদের খোঁজ

পূর্ণাঙ্গ বিবরণ পঞ্চম পৃষ্ঠায়

আন্তর্জাতিক দলের ডেরায় পুলিশের হানা

নিজস্ব চিত্র

জাল নোট এমন নিখুঁত যে ব্যাঙ্কের ক্যাশিয়াররাও বোকা বনে যাচ্ছে।

কিলটকে হাতকড়া-পরানো জালিয়াত দলের পাণ্ডাদের কয়েদি-গাড়িতে তোলা হচ্ছে।

সমুদ্র পেরিয়ে পুলিশের অভিযানে পাঁচজন গ্রেফতার। নায়ক প্রতিবেদক টিনটিন এবং সিংহবিক্রান্ত কুকুর কুট্টুসের সঙ্গে, বাঁ দিক থেকে, ই ম্যাকগ্রেগর, টি ডব্লু স্টুয়ার্ট, বি রবার্টসন, এ ম্যাকেলিয়াড।

মস্কো থেকে বিশেষ

মস্কো রে আজ বল হয়তো শীঘ্রই বিষয়ে যদিও সেখানে খবরে তিনি অথব বলেন যদি সকা দে কিন্তু তব্‌ হয় যা ক ত

ন স ল দ স প ক ফ নেই বলা তাই হতে